

## 2023-2024 বার্ষিক FERPA বিজ্ঞপ্তি

ফ্যামিলি এডুকেশনাল রাইটস্ অ্যান্ড প্রাইভেসি অ্যাক্ট (FERPA), 18 অথবা এর বেশী বয়সী পিতামাতা এবং শিক্ষার্থীদেরকে, শিক্ষার্থীর শিক্ষাগত (এডুকেশনাল) রেকর্ডের উপর অধিকার প্রদান করে। তথ্যের গোপনীয়তা এবং নিরাপত্তার জন্য পিতামাতার অধিকারের সনদ (বিল অভ রাইটস্) আপনাকে বাড়তি অধিকার প্রদান করে, এবং চ্যান্সেলরের প্রবিধান A-820 অতিরিক্ত তথ্য প্রদান করে।

অনুগ্রহ করে লক্ষ্য করবেন যে আপনি যদি 18 বছর অথবা এরচেয়ে বেশী বয়সী শিক্ষার্থী হয়ে থাকেন, তবে এই অধিকারসমূহ আপনার জন্য প্রযোজ্য, আপনার পিতামাতা বা অভিভাবকের জন্য নয়।

অন্যান্য বিষয়ের মধ্যে আপনার অধিকার আছে:

- DOE আপনার অনুরোধ পাওয়ার 45 দিনের মধ্যে, আপনার সন্তানের শিক্ষাগত রেকর্ড পরিদর্শন, এবং পর্যালোচনা করার।
  - আপনি যে রেকর্ড দেখতে আগ্রহী, তা নির্দিষ্টভাবে উল্লেখ করে আপনাকে একটি লিখিত অনুরোধ জমা দিতে হবে।
  - আপনি কখন ও কোথায় সে রেকর্ড দেখতে পারবেন, আপনার সন্তানের স্কুল আপনাকে তা অবহিত করবে।
- যদি আপনার বিশ্বাস হয় যে, আপনার সন্তানের শিক্ষাগত রেকর্ডে ভুল বা বিভ্রান্তি আছে, অথবা অন্য কোনোভাবে FERPA অনুযায়ী আপনার সন্তানের গোপনীয়তার অধিকার খর্ব করে, তাহলে তা পরিবর্তনের অনুরোধ জানাতে পারেন।
  - আপনাকে রেকর্ড পরিবর্তনের অনুরোধ লিখিতভাবে জানাতে হবে এবং কোন্ বিষয়বস্তু পরিবর্তন করতে চান ও কেন চান, তা কারণ সহ উল্লেখ করতে হবে।
  - DOE যদি আপনার অনুরোধকৃত রেকর্ড পরিবর্তন না করার সিদ্ধান্ত নেয়, আপনাকে সে সিদ্ধান্ত, এবং এর বিরুদ্ধে আপনার শুনানির অধিকার ও শুনানি প্রক্রিয়াটি জানান হবে।
- আপনার সন্তানের শিক্ষাগত রেকর্ডে ব্যক্তিগতভাবে শনাক্তযোগ্য তথ্য প্রকাশ করার আগে লিখিত অনুমতি প্রদান করুন। কিন্তু, কোনো নির্দিষ্ট ক্ষেত্রে, FERPA অনুমতি ছাড়া প্রকাশ অনুমোদন করে। সম্মতি ছাড়া প্রকাশের অনুমোদন দেওয়া যায়, এধরনের কেইসের মধ্যে আছে:
  - স্কুলের কর্মকর্তার কাছে প্রকাশ করা, পেশাগত দায়িত্ব সম্পন্ন করার জন্য যার এই শিক্ষাগত রেকর্ড পর্যালোচনা করা প্রয়োজন। স্কুলের কর্মকর্তাদের মধ্যে অন্তর্ভুক্ত আছেন:
    - DOE কর্মী (যেমন অ্যাডমিনিস্ট্রেটর, সুপারভাইজার, শিক্ষক, অন্যান্য ইনস্ট্রাকটর বা সহায়তাকারী কর্মী সদস্য); এবং
    - DOE নিজস্ব কর্মীদের স্থলে কাজ করার জন্য অথবা পরিষেবা প্রদান করার জন্য অন্য যাদেরকে নিযুক্তি দেয়, সেসব ব্যক্তি। এতে অন্তর্ভুক্ত (a) চুক্তির মাধ্যমে DOE পরিষেবা এবং কার্যাবলী প্রদানকারী ব্যক্তিবর্গ এবং সংস্থাসমূহ, (b) DOE-সংশ্লিষ্ট পরিষেবা অথবা কার্যাবলী প্রদানকারী

অন্যান্য সরকারী সংস্থার কর্মীবৃন্দ, যেমন DOE-কে প্রতিনিধিত্বকারী NYC ল্য ডিপার্টমেন্ট (আইন বিভাগ), NYC ডিপার্টমেন্ট অভ হেলথ অ্যান্ড মেন্টাল হাইজিন দ্বারা নিযুক্ত স্কুল নার্স ও অফিস অভ স্কুল হেলথ-এর কর্মীবৃন্দ, (c) স্কুলের কর্মকর্তাদের তাদের কাজকর্মে সহায়তাকারী পিতামাতা, শিক্ষার্থী, অথবা অন্যান্য স্বেচ্ছাসেবী, এবং (d) অন্যান্য যোগ্য ব্যক্তিবর্গ বা সংগঠনসমূহ, যেমন কনসাল্টেন্ট এবং কমিউনিটি-ভিত্তিক সংগঠনসমূহ, কিন্তু শুধুমাত্র যদি তারা শিক্ষার্থীর তথ্য গোপন রাখার বিষয়ে লিখিতভাবে সম্মতি প্রদান করে তবেই। এ ধরনের ব্যক্তিদের শিক্ষাগত রেকর্ড থেকে ব্যক্তিগতভাবে সনাক্ত করা যায় এমন সব তথ্য ব্যবহার ও নিয়ন্ত্রণ DOE-র সরাসরি কর্তৃত্বাধীন থাকতে হবে। সরাসরি কর্তৃত্ব বিভিন্নভাবে হতে পারে, যার মধ্যে অন্তর্ভুক্ত লিখিত চুক্তি।

- আপনার সন্তানের ভর্তি বা বদলি প্রক্রিয়ায় ব্যবহারের জন্য যখন অন্য কোন স্কুল, ডিস্ট্রিক্ট অথবা শিক্ষা প্রতিষ্ঠান রেকর্ডের জন্য অনুরোধ জানায় যেখান আপনার সন্তান ভর্তি হতে ইচ্ছুক বা পরিকল্পনা করছে, কিংবা ইতোমধ্যে ভর্তি হয়েছে।
- অন্যান্য ব্যতিক্রমসমূহ বিদ্যমান যা কিছু নির্দিষ্ট ধরণের সহ, ব্যক্তিগত শনাক্তকারী তথ্য অনুমতি ব্যতিরেকে প্রকাশের অনুমোদন দেয়। নিচে কিছু তালিকাবদ্ধ করা হলো। এই ধরনের অধিকাংশ প্রকাশের জন্য সুনির্দিষ্ট অতিরিক্ত শর্তাবলী এবং সীমাবদ্ধতা আছে। এগুলি সম্পর্কিত আরও তথ্যের জন্য অনুগ্রহ করে FERPA এবং চ্যান্সেলরের প্রবিধান A-820 দেখুন।
  - সরকারি প্রতিষ্ঠানের অনুমোদিত প্রতিনিধিদের এবং অডিট, মূল্যায়ন, কিংবা অন্যান্য নির্দিষ্ট কর্মকাণ্ডের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তাদের কাছে;
  - শিক্ষার্থী আবেদন করেছে অথবা অর্জন করেছে, এমন কোনো ফাইন্যানশিয়াল এইড-এর সাথে সংশ্লিষ্ট;
  - NYCDOE-এর জন্য অথবা পক্ষে কোনো গবেষণা পরিচালনকারী প্রতিষ্ঠানের কাছে;
  - কৃতিত্বের স্বীকৃতি প্রদানকারী প্রতিষ্ঠানের কাছে যাতে তারা স্বীকৃতি প্রদানমূলক কাজ পরিচালনা করতে পারে;
  - 18 এবং অধিক বয়স্ক শিক্ষার্থীদের পিতামাতাদের কাছে যদি শিক্ষার্থী ইন্টারন্যাশনাল রেভিনিউ সার্ভিস (IRS)-এর কাছে ট্যাক্স-সংক্রান্ত বিষয়ে ডিপেন্ডেন্ট (নির্ভরশীল) হয়;
  - আদালতের হুকুম বা আইনগত আদালতের তলবনামা (সপিনা) প্রতিপালন করতে;
  - জরুরী স্বাস্থ্য ও নিরাপত্তার সাথে সংশ্লিষ্ট উপযুক্ত কর্মকর্তার কাছে; এবং
  - “নির্দেশিকা তথ্য” (ডিরেক্টরি ইনফর্মেশন) হিসেবে NYCDOE শ্রেণীভুক্ত করেছে যেসব তথ্যকে।



**Department of  
Education**

Chancellor David C. Banks

- আপনি যদি বিশ্বাস করেন যে NYC DOE, FERPA-র শর্তাবলী লঙ্ঘন করেছে, তাহলে আপনি USDOE-এর কাছে অভিযোগ দায়ের করতে পারেন। এখানে অভিযোগ পাঠানো যাবে:

Student Privacy Policy Office

U.S. Department of Education

400 Maryland Avenue

SW Washington, DC 20202-8520

অথবা ইমেইল করুন [FERPA.Complaints@ed.gov](mailto:FERPA.Complaints@ed.gov) ঠিকানায়।